# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-04-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ওয়াকফ আইনের প্রতিবাদে মুর্শিদাবাদে হিংসার ঘটনায় দায়ের হওয়া মামলার আগামীকাল সুপ্রিম কোর্টে শুনানি।

২) সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে অশান্তির জেরে মুর্শিদাবাদের ধুলিয়ান ও শামসেরগঞ্জে ক্ষতিগ্রস্ত বাড়িগুলির তালিকা রাজ্য সরকার জেলা প্রশাসনের কাছে চেয়ে পাঠিয়েছে।

৩) মুর্শিদাবাদে হিংসা কবলিত এলাকার মহিলারা অসহনীয় কষ্টের মধ্যে আছেন বলে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার জানিয়েছেন।

৪) চারটি বাম গণ সংগঠনের ডাকা ব্রিগেড সমাবেশে তৃণমূল কংগ্রেসের দুর্নীতি এবং বিজেপি-র সাম্প্রদায়িক রাজনীতির অভিযোগ তুলে এর বিরুদ্ধে রাজ্যের মানুষকে এক হওয়ার আহ্বান জানানো হয়েছে।

৫) বেশকিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দু-দিনের সফরে আগামীকাল পশ্চিম মেদিনীপুর যাচ্ছেন।

৬) সুপার কাপ ফুটবলে আজ গতবারের চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল কেরল ব্লাস্টার্সের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ আইনের প্রতিবাদে মুর্শিদাবাদে হিংসার ঘটনায় সুপ্রিমকোর্টে দায়ের হওয়া মামলা আগামীকাল শুনবে শীর্ষ আদালতের দুই বিচারপতি সুর্য কান্ত এবং বিচারপতি এন কে সিংহের বেঞ্চ।

মুর্শিদাবাদে যে হিংসার ঘটনা ঘটেছে তাতে সিট গঠন করে আদালতের তত্ত্বাবধানে তদন্ত চেয়ে সুপ্রীমকোর্টে মামলা করেছিলেন আইনজীবী শশাঙ্ক শেখর ঝা। ওই আইনজীবী তদন্তের পাশাপাশি সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি যাতে সুরক্ষিত হয় সেই মর্মে শীর্ষ আদালতকে নির্দেশ দিতে আর্জি জানিয়েছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে অশান্তির জেরে মুর্শিদাবাদের ধুলিয়ান ও শামসেরগঞ্জে যেসব বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, রাজ্য সরকার, জেলা প্রশাসনের কাছে তার বিস্তারিত তালিকা চেয়ে পাঠিয়েছে। কোথায় কত বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, বাড়ির মালিকের নাম, ঠিকানা সহ বিস্তারিত রিপোর্ট দ্রুত জমা দেওয়ার জন্য মুখ্যসচিব মনোজ পন্থ, জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। রিপোর্ট হাতে আসার পরেই তা খতিয়ে দেখে রাজ্য সরকার, বাংলার বাড়ি প্রকল্পে সেইসব ক্ষতিগ্রস্ত বাড়িগুলি তৈরীর কাজে হাত দেবে।

উল্লেখ্য, বাংলার বাড়ি প্রকল্পে ক্ষতিগ্রস্ত বাড়িগুলি তৈরি করে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগেই ঘোষণা করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদে হিংসা কবলিত এলাকার মহিলারা অসহনীয় কষ্টের মধ্যে রয়েছেন, বলে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার জানিয়েছেন। মুর্শিদাবাদের

হিংসাদীর্ণ বিভিন্ন এলাকা ও মালদার আশ্রয় শিবির পরিদর্শনের পর আজ দুপুরে নিউ টাউনের একটি হোটেলে সাংবাদিকদের তিনি বলেন, পরিস্থিতি অত্যন্ত খারাপ। সদ্যজাত শিশুকে নিয়ে মা প্রাণ হাতে করে পালাতে বাধ্য হয়েছেন। রাজ্য সরকারের উচিত দ্রুত পদক্ষেপ গ্রহণ করে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করা। রাজ্য মহিলা কমিশনকেও আক্রান্তদের পাশে দাঁড়ানোর পরামর্শ দেন তিনি।

(বাইট)

বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে কি করণীয় সেই সংক্রান্ত রিপোর্ট তৈরি করে রাজ্যের মুখ্যসচিব, ডিজি ও কেন্দ্রীয় সরকারকে তারা জমা দেবেন বলে বিজয়া রাহাতকার জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের শামসেরগঞ্জের জাফরাবাদ গ্রামে গন্ডগোলে মৃত হরগোবিন্দ দাস ও চন্দন দাসের পরিবারের সঙ্গে আজ দেখা করেন তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দল। এই দলে ছিলেন রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম, জঙ্গীপুরের সাংসদ খলিলুর রহমান, বিধায়ক আমিরুল ইসলাম সহ অন্যান্য নেতৃবৃন্দ। তারা নিহতদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে রাজ্য সরকারের তরফে সবরকমের সাহায্যের আশ্বাস দিয়েছেন। পরিবারের লোকেরাও তাদের কাছে ক্ষোভ প্রকাশ করেন।

এদিকে,শামসেরগঞ্জের জাফরাবাদের ঘটনায় আরও একজন গ্রেফতার করেছে পুলিশ। এই নিয়ে এপর্যন্ত মোট ৩ জন অভিযুক্ত গ্রেফতার হলো।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের মাতৃভূমি লোকালের ৩টি কোচে পুরুষ যাত্রীরা এবার থেকে ভ্রমণ করতে পারবেন। চতুর্থ, পঞ্চম এবং ষষ্ঠ কোচে উঠতে পারবেন তাঁরা। রেলের তরফে বিজ্ঞপ্তি জারি করে একথা জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের শ্রম কোড এবং রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন নীতির প্রতিবাদে শ্রমিক সংগঠন CITU, কৃষক সংগঠন AIKS, ক্ষেত মজুর সংগঠন AIAWU ও বস্তি সংগঠন Paschimbanga Bustee Unnayan Samiti আজ ব্রিগেড সমাবেশ করে। রাজ্যের বিভিন্ন জায়গা থেকে বহু মানুষ এখানে যোগ দেন। ভাষণ দেন সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম ,CITU র অনাদি সাউ।AIKS এর অমল হালদার,ক্ষেত মজুর সংগঠনের নিরাপদ সরদার, বস্তি উন্নয়ন সমিতির সুখরঞ্জন দে , বন্যা টুডু সহ নেতৃবৃন্দ। একটি প্রতিবেদন।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি বাম সংগঠনগুলির ঢাকা ব্রিগেড সমাবেশের সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, এর আগেও ব্রিগেড সমাবেশে বহু মানুষের সমাগম হয়েছে। তা সত্ত্বেও বামফ্রন্ট রাজ্যে একটি আসন পায়নি।

(বাইট)

অন্যদিকে, দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, বামফ্রন্ট ঘোলা জলে মাছ ধরতে চাইছে। প্রতিবাদের নামে বামফ্রন্ট নেতারা যে বক্তব্য রেখেছেন তাতে তারা মুখ্যমন্ত্রী না প্রধানমন্ত্রী কার বিরুদ্ধে লড়াই করছেন তা স্পষ্ট নয়।

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বামেদের ব্রিগেড সমাবেশকে স্বাগত জানিয়ে বলেছেন, বামেরা কখনো সাম্প্রদায়িক রাজনীতি করেনি।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দুই দিনের সফরে পশ্চিম মেদিনীপুর জেলায় যাচ্ছেন। আগামীকাল কলকাতা থেকে রওনা হয়ে তিনি প্রথমে

শালবনীতে পৌঁছে দুপুর দেড়টায় সেখানে জিন্দাল শিল্প গোষ্ঠীর প্রস্তাবিত ৮০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি তাপবিদ্যুত কেন্দ্রের শিলান্যাস করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, এই প্রকল্পে জিন্দাল গোষ্ঠী ১৬ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে বলে আগেই জানিয়েছিল। এইজন্যে সংস্থা চার হাজার তিনশো একর এর বেশি জমি অধিগ্রহণ করেছে। এই অনুষ্ঠানের পর তিনি সার্কিট হাউসে রাত্রি বাস করবেন। মঙ্গলবার মুখ্যমন্ত্রী মেদিনীপুর কলেজ মাঠে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে গোয়ালতোড়ে একটি সৌরবিদ্যুত কেন্দ্রের শিলান্যাস করা ছাড়াও বেশ কিছু সামাজিক সুরক্ষা প্রকল্পের সূচনা করবেন। ওই দিনই তার কলকাতায় ফেরার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০

মেডিক্লেম নিয়ে সাধারণ মানুষের অভাব অভিযোগের প্রেক্ষিতে রাজ্য স্বাস্থ্য কমিশন বৈঠকে বসতে চলেছে। কলকাতার আলিপুরে ধনধান্য অডিটোরিয়ামে আগামীকাল এই বৈঠকে উপস্থিত থাকার জন্য চারটি সরকারী বীমা সংস্থা সহ বিভিন্ন অ-সরকারী বীমা সংস্থার প্রতিনিধিদের নির্দেশ দেওয়া হয়েছে।

স্বাস্থ্য কমিশনের চেয়ারম্যান ও প্রাক্তন বিচারপতি অসীমকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন, স্বাস্থ্য বীমার প্রিমিয়াম নিয়ে সাধারণ মানুষের বহু অভিযোগ রয়েছে। তাদের এসংক্রান্ত সমস্যার সমাধানের জন্য সংস্থার শীর্ষ কর্তাদের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বৈঠক বসবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যোগ্য ও অযোগ্য শিক্ষকদের তালিকা আগামীকাল প্রকাশ করতে পারে স্কুল সার্ভিস কমিশন। এই তালিকা ছাড়াও ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশ করার দাবিতে আন্দোলনে নেমেছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। চাকরিহারাদের সঙ্গে বৈঠকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছিলেন, আইনি পরামর্শ নিয়ে

এই তালিকা প্রকাশ করতে পারে স্কুল সার্ভিস কমিশন। স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে, ২০১৬ -য় প্রায় ২২ লক্ষ চাকরিপ্রার্থী পরীক্ষায় বসেছিলেন।

উল্লেখ্য, গত ৩ তারিখ সুপ্রিম কোর্ট ২০১৬-র স্কুল সার্ভিস কমিশনের প্যানেল বাতিল করে দেয়। এর ফলে চাকরি হারান ২৫ হাজার ৭৫৭ জন শিক্ষক ও শিক্ষাকর্মী। তবে রায় পুনর্বিবেচনার আর্জিতে গত বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট জানিয়েছে, যাঁরা যোগ্য শিক্ষক, তারা আপাতত স্কুলে যেতে পারবেন। তবে চলতি বছরের ৩১ ডিসেম্বরের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে বলে শীর্ষ আদালত নির্দেশ দেয়। আদালতের নির্দেশ মেনে এ বছরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ হয়ে যাবে বলে আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

oooooooooooooooooo

যোগ্য ও অযোগ্যদের তালিকা এবং OMR শিটের মিরর ইমেজ প্রকাশ করার দাবিতে আগামীকাল এসএসসি ভবন অভিযান করবেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একাংশ। যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে মেহবুব মণ্ডল জানিয়েছেন, করুণাময়ী বাসস্ট্যান্ড থেকে মিছিল করে তাঁরা এসএসসি দফতর আচার্য সদনে যাবেন। এসএসসি যদি তালিকা প্রকাশ না করে তাহলে তাঁরা সেখানেই ধর্নায় বসবেন।

চাকরি হারা শিক্ষকদের আরেকটি সংগঠনের তরফে সুমন বিশ্বাস জানিয়েছেন, তারাও করুণাময়ী থেকে মিছিল করে এসএসসি ভবনের সামনে অবস্থানে বসবেন।

oooooooooooooooooo

চলতি গ্রীষ্মের মরশুমে পানীয় জলের সমস্যার দ্রুত সমাধানে রাজ্য সরকার প্রত্যেক ব্লকে কুইক রেসপন্স টিম তৈরি করার নির্দেশ দিয়েছে। কোথাও জল সরবরাহে বিঘ্ন ঘটার খবর আসলেই ব্লক স্তরের জুনিয়র ইঞ্জিনিয়ার এবং অপারেটরদের নিয়ে গঠিত এই টিম, দ্রুত সেখানে পৌঁছে পরিস্থিতি স্বাভাবিক করবে বলে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর সূত্রে জানা গিয়েছে। বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ার মতো পশ্চিমাঞ্চলের জেলাগুলির

উপরে বাড়তি নজর দেওয়া হবে। এইসব জেলাগুলিতে ভূগর্ভস্থ জল পাম্পের মাধ্যমে তোলার সময় ১৬ ঘণ্টা থেকে বাড়িয়ে বাইশ ঘন্টা করার কথা বলা হয়েছে। এছাড়াও পানীয় জল পেতে কোন সমস্যা হলে তা জানানোর জন্য একটি হোয়াটসঅ্যাপ হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। এটি হল ৮৯০২০৬৬৬৬৬।

০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের মাথাভাঙার প্রতিবাদী সঙ্গীত শিল্পী মণীন্দ্র বর্মনের বাড়িতে গিয়ে তার পরিবারের সঙ্গে দেখা করে আসেন, “আক্রান্ত আমরা” প্রতিনিধিরা। সম্প্রতি ২৬ হাজার চাকরি বাতিল নিয়ে এই সঙ্গীত শিল্পীর গান ভাইরাল হয়। তার পর থেকেই পুলিশ বাড়ি গিয়ে তার পরিবারের সদস্যদের হুমকি দিচ্ছে বলে অভিযোগ ওঠে। বর্তমানে এই সঙ্গীত শিল্পী আতঙ্কে বাড়ি ছাড়া হয়েছেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০

সুপারকাপ ফুটবল আজ ভুবনেশ্বরে শুরু হচ্ছে। গতবারের চ্যাম্পিয়ান ইস্টবেঙ্গল আজ প্রি কোয়ার্টার ফাইনাল ম্যাচে কেরল ব্লাস্টার্সের মুখেমুখি হবে। কলিঙ্গ স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত আটটায়। এই ম্যাচের বিজয়ী দল কোয়ার্টার ফাইনালে মোহনবাগানের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০